জাল হাদীছের কবলে রাসূলুল্লাহ (ছাঃ)-এর ছালাত

বিভাগ/অধ্যায়ঃ ছালাতের পদ্ধতি

রচয়িতা/সঙ্কলকঃ মুযাফফর বিন মুহসিন

(১১) সিজদায় যাওয়ার সময় আগে মাটিতে হাঁটু রাখা ও হাঁটুর উপর ভর দিয়ে উঠা

(১১) সিজদায় যাওয়ার সময় আগে মাটিতে হাঁটু রাখা ও হাঁটুর উপর ভর দিয়ে উঠা :

সিজদায় যাওয়ার সময় আগে মাটিতে হাত রাখাই সুন্নাত। আগে হাঁটু রাখার পক্ষে যে কয়টি হাদীছ বর্ণিত হয়েছে তা যঈফ।

(أ) عَنْ وَائِلِ بْنِ حُجْرٍ قَالَ رَأَيْتُ رَسُوْلَ اللهِ إِذَا سَجَدَ وَضَعَ رُكْبَتَيْهِ قَبْلَ يَدَيْهِ وَإِذَا نَهَضَ رَفَعَ يَدَيْهِ قَبْلَ رُكْبَتَيْهِ.

(ক) ওয়াইল ইবনু হুজর (রাঃ) বলেন, রাসূলুল্লাহ (ছাঃ) যখন সিজদা করতেন, তখন তাকে দেখেছি তিনি দুই হাত রাখার আগে দুই হাঁটু রাখতেন এবং যখন তিনি উঠতেন, তখন হাঁটুর আগে দুই হাত উঠাতেন।[1]

তাহক্বীক্ব : হাদীছটি যঈফ। ইমাম তিরমিযী বলেন, উক্ত হাদীছের সনদে শারীক নামক এক ব্যক্তি রয়েছে, সে দুর্বল রাবী। সে এককভাবে এটি বর্ণনা করেছে। ইমাম দারাকুৎনী বলেন, ‘শারীক নামক রাবী এককভাবে এই হাদীছ বর্ণনা করেছে, যা নির্ভরযোগ্য নয়’।[2] শায়খ আলবানীও যঈফ বলেছেন।[3]

(ب) عَنْ أَبِى هُرَيْرَةَ عَنِ النَّبِىِّ قَالَ إِذَا سَجَدَ أَحَدُكُمْ فَلْيَبْدَأْ بِرُكْبَتَيْهِ قَبْلَ يَدَيْهِ وَلاَ يَبْرُكْ بُرُوْكَ الْجَمَلِ.

(খ) আবু হুরায়রা (রাঃ) বর্ণিত, রাসূলুল্লাহ (ছাঃ) বলেন, যখন তোমাদের কেউ সিজদা দিবে তখন সে যেন দুই হাত দেওয়ার পূর্বে দুই হাঁটু দিয়ে শুরু করে। উট যেভাবে বসে সেভাবে যেন না বসে।[4]

তাহক্বীক্ব : বর্ণনাটি যঈফ। এর সনদে আব্দুল্লাহ ইবনু সাঈদ নামে এক ব্যক্তি রয়েছে, সে অত্যন্ত দুর্বল। ইবনু সাঈদ বলেন, ইবনু ফাল্লাস বলেন, সে ছহীহ হাদীছের বিরোধী হাদীছ বর্ণনাকারী, পরিত্যক্ত রাবী। ইমাম দারাকুৎনী বলেন, সে পরিত্যক্ত, হাদীছ জালকারী।[5]

(ج) عَنْ سَعَدِ بْنِ أَبِىْ وَقَّاصٍ رَضِىَ اللهُ عَنْهُ قَالَ كُنَّا نَضَعُ الْيَدَيْنِ قَبْلَ الرُّكْبَتَيْنِ فَأُمِرْنَا بِالرُّكْبَتَيْنِ قَبْلَ الْيَدَيْنِ.

(গ) সা‘দ বিন আবী ওয়াক্কাছ (রাঃ) বলেন, আমরা দুই হাঁটুর পূর্বে দুই হাত রাখতাম। অতঃপর আমাদেরকে দুই হাতের পূর্বে দুই হাঁটু রাখার নির্দেশ দেওয়া হল।[6]

তাহক্বীক্ব : বর্ণনাটি যঈফ। এর সনদে ইবরাহীম এবং তার পিতা ইসমাঈল রয়েছে। তারা নিতান্তই যঈফ রাবী। ইবনু হাজার আসক্বালানী তাদেরকে পরিত্যক্ত রাবী বলেছেন।[7]

(د) قَالَ إِبْرَاهِيْمُ النَّخْعِىْ حَفِظَ عَنْ عَبْدِ اللهِ بْنِ مَسْعُوْدٍ رَضِىَ اللهُ عَنْهُ أَنَّهُ كَانَتْ رُكْبَتَاهُ تَقَعُ إِلَى الْأَرْضِ قَبْلَ يَدَيْهِ.

(ঘ) ইবরাহীম নাখঈ ইবনু মাসঊদ (রাঃ) থেকে বর্ণনা করেন, তিনি মাটিতে দুই হাত রাখার আগে দুই হাঁটু রাখতেন।[8]

তাহক্বীক্ব : বর্ণনাটি যঈফ। এর সনদে হাজ্জাজ বিন আরত্বাহ নামে একজন যঈফ রাবী আছে।[9]

(৫) عَنِ ابْنِ عُمَرَ أَنَّهُ كَانَ يَضَعُ رُكْبَتَيْهِ إِذَا سَجَدَ قَبْلَ يَدَيْهِ وَرَفَعَ يَدَيْهِ إِذَا رَفَعَ قَبْلَ رُكْبَتَيْهِ.

(৬) ইবনু ওমর (রাঃ) যখন সিজদা করতেন, তখন দুই হাত রাখার আগে দুই হাঁটু রাখতেন এবং যখন তিনি দাঁড়াতেন, তখন দুই হাঁটুর পূর্বে দুই হাত উঠাতেন।[10]

তাহক্বীক্ব : বর্ণনাটি দুর্বল। এর সনদে ইবনু আবী লায়লা নামে রাবী আছে। সে যঈফ। স্মৃতি শক্তি দুর্বল।[11] তাছাড়া ছহীহ হাদীছের বিরোধী। যেমন-

عَنِ بْنِ عُمَرَ رَضِىَ اللهُ عَنْهُمَا أَنَّهُ كَانَ إِذَا سَجَدَ بَدَأَ بِوَضْعِ يَدَيْهِ قَبْلَ رُكْبَتَيْهِ وَكَانَ يَقُوْلُ كَانَ النَّبِىُّ يَصْنَعُ ذَلِكَ.

ইবনু ওমর (রাঃ) থেকে বর্ণিত আছে যে, তিনি যখন সিজদা করতেন, তখন দুই হাঁটু রাখার পূর্বে আগে দুই হাত রাখতেন। আর তিনি বলতেন, নবী (ছাঃ) এমনটি করতেন।[12] ইমাম হাকেম, যাহাবী, মারূযী, আলবানী, প্রমুখ মুহাদ্দিছ উক্ত হাদীছকে ছহীহ বলেছেন।[13]

ফুটনোট

[1]. আবুদাঊদ হা/৮৩৮ ও ৮৩৯, ১/১২২ পৃঃ; তিরমিযী হা/২৬৮; নাসাঈ হা/১০৮৯; ইবনু মাজাহ হা/৮৮২, দারেমী, মিশকাত হা/৮৯৮; ইরওয়াউল গালীল হা/৩৫৭; বিস্তারিত আলোচনা দ্রঃ সিলসিলা যঈফাহ হা/৯২৯ ও ৯৬৮।

[2]. দারাকুৎনী হা/১৩২৩ تفرد به شريك وليس بالقوى فيما يتفرد به

[3]. তাহক্বীক্ব মিশকাত হা/৮৯৮-এর টীকা দ্রঃ।

[4]. ইবনু শায়বাহ ১/২৬৩; ত্বাহাবী ১/২৫৫; বায়হাক্বী সুনানুল কুবরা ২/১০০।

[5]. متروك ذاهب الحديث তানকীহ, পৃঃ ২৯৬।

[6]. ইবনু খুযায়মাহ ১/৩১৯; বায়হাক্বী ২/৯৮।

[7]. তানকীহ, পৃঃ ২৯৭-৯৮।

[8]. ত্বাহাবী ১/২৫৬।

[9]. তানক্বীহুল কালাম, পৃঃ ২৯৮।

[10]. ইবনু আবী শায়বাহ ১/২৬৩।

[11]. ইবনু আবী শায়বাহ ১/২৬৩।

[12]. ত্বাহাবী হা/১৪০৫; ছহীহ ইবনু খুযায়মা হা/৬২৭, সনদ ছহীহ; মুস্তাদরাক হাকেম হা/৮২১; বায়হাক্বী, সুনানুল কুবরা হা/২৭৪৪; আলবানী, মিশকাত ১ম খন্ড, পৃঃ ২৮২, টীকা নং ১।

[13]. আলবানী, মিশকাত ১ম খন্ড, পৃঃ ২৮২, টীকা নং ১।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1923

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন